



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৩৯৫৮.০৩৫.৪৬.০৩১.১৬-৭৬৬

তারিখঃ ১০ জুলাই ২০১৮

বিষয়ঃ ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী বিজয়ী প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ০৪ জুলাই ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং ১০ জুলাই ২০১৮ তারিখে প্রাপ্ত জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বালিজুড়া ইউনিয়ন পরিষদের ০৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী গেজেট বিজ্ঞপ্তির ১৫(পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৫৫০০৭৫৬৫

mizanr63@yahoo.com

✓ জেলা প্রশাসক  
জামালপুর

নং-১৭.০০.৩৯৫৮.০৩৫.৪৬.০৩১.১৬-৭৬৬

তারিখঃ ১০ জুলাই ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, জামালপুর (৫ কপি) [ ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
- ৫। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (২ কপি)
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর (২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, মাদারগঞ্জ, জামালপুর (২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৪, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা  
সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৫/০২ জুলাই ২০১৮

নং ১৭.০০.৩৯৫৮.০৩৫.৪৬.০৩১.১৬-৭৪৭।—বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, ১ম আদালত এবং নির্বাচনি ট্রাইব্যুনাল, জামালপুর কর্তৃক নির্বাচনি মোকদ্দমা নং-৩৪/২০১৬ এর বিগত ১২ মার্চ ২০১৮ তারিখের রায়ে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বালিজুড়ী ইউনিয়ন পরিষদের ০৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ০১ প্রতিপক্ষ জনাব মোঃ নছর মন্ডল-কে পরাজিত ঘোষণা করে উক্ত ওয়ার্ডের প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ তারা মিয়া-কে নির্বাচিত প্রার্থী হিসেবে বিজয়ী ঘোষণা করা হয়। উক্ত রায় অনুযায়ী প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ২০ নভেম্বর ২০১৬ তারিখে প্রকাশিত ১৬৭৭৫নং পৃষ্ঠার ১নং কলামে বর্ণিত 'বালিজুড়ী' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোঃ নছর মন্ডল, পিতা-মোঃ মিছিল মন্ডল, উরিনাদাগাড়ী, সুখনগরী' এর পরিবর্তে 'তারা মিয়া (ঘোতা), পিতা-তফিল মন্ডল, গ্রাম-উরিনাদাগাড়ী, সুখনগরী,' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান

যুগ্ম-সচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ৮০১১ )

মূল্য : টাকা ৪.০০